



চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

২৬ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

**মাননীয় মেয়রের সাথে চট্টগ্রাম সিটি কর্পোরেশন শ্রমিক ও কর্মচারী লীগ (সিবিএ)'র
কমিটির নবনির্বাচিত নেতৃবৃন্দের মতবিনিময়, নাগরিক দায়বদ্ধতা থেকে নাগরিক
সেবা শতভাগ নিশ্চিত করা কর্মকর্তা ও কর্মচারীদের নৈতিক দায়িত্ব।**

-মেয়র আ জ ম নাছির উদ্দীন

সম্প্রতি চট্টগ্রাম সিটি কর্পোরেশন শ্রমিক ও কর্মচারী লীগ (সিবিএ) রেজি নং-৬৮৩, এর সকল সদস্যদের সর্বসম্মত মতামতের ভিত্তিতে গঠিত সংগঠনের সভাপতি ফরিদ আহমদ এবং সাধারণ সম্পাদক মোরশেদুল আলম চৌধুরীর নেতৃত্বে পূর্ণাঙ্গ কমিটি আজ ২৬ সেপ্টেম্বর ২০১৭ খ্রি. মঙ্গলবার, বিকেলে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে সৌজন্য সাক্ষাত ও মতবিনিময় করেন। এসময় মেয়র আ জ ম নাছির উদ্দীন সিবিএ নেতৃবৃন্দকে নাগরিক সেবা নিশ্চিত করার জন্য কর্মচারীদের সঠিকভাবে সততার সাথে দায়িত্ব পালন করার দিক নির্দেশনা দেয়ার পরামর্শ দেন। তিনি বলেন, তার কাছে দাবী পেশ করার কোন প্রয়োজন নেই শ্রমিকদের স্বার্থ সংরক্ষণ করাই তার নৈতিক দায়িত্ব বলে কর্মচারীদের সকল সুযোগ সুবিধা নিশ্চিত করে যাচ্ছেন। মেয়র পরিচ্ছন্ন ও পরিবেশ বান্ধব নগরীর প্রয়োজনীয় কার্যক্রম সততার সাথে প্রতিনিয়ত সম্পাদনের জন্য কর্মচারীদের উদ্বুদ্ধ করার আহবান জানান। তিনি বলেন, সিটি কর্পোরেশনের সকল কর্মকর্তা ও কর্মচারী বেতনভাতা নগরবাসীর পৌরকরের মাধ্যমে পরিশোধ করা হয়। নাগরিক দায়বদ্ধতা থেকে নাগরিক সেবা শতভাগ নিশ্চিত করা কর্মকর্তা ও কর্মচারীদের নৈতিক দায়িত্ব। তিনি নবগঠিত কমিটির নেতৃবৃন্দকে সংগঠনের দায়িত্ব নির্ণায় সাথে পালন করার পরামর্শ দেন। মতবিনিময়ে সিবিএ নেতৃবৃন্দ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনে সব ধরনের স্বার্থ সংরক্ষণ এবং নাগরিক সেবা শতভাগ নিশ্চিত করার অঙ্গীকার ব্যক্ত করেন। মতবিনিময়ে

সিবিএ' র নবনির্বাচিত সভাপতি ফরিদ আহমদ, সাধারন সম্পাদক মোরশেদুল আলম চৌধুরী, সিনিয়র সহ সভাপতি জাহিদুল আলম চৌধুরী, সহ সভাপতি রুপন দাশ, মো. ইয়াছিন চৌধুরী, যুগ্ম সম্পাদক মুজিবুর রহমান ও বিপ্লব কুমার চৌধুরী, সহ সম্পাদক রতন দত্ত, সাংগঠনিক সম্পাদক আবুল মাসুদ, আইন সম্পাদক ফরিদ আহমদ, অর্থ সম্পাদক তারেক সুলতান, সহ প্রচার সম্পাদক রতন শীল, সহ দপ্তর সম্পাদক ওয়াহিদুল আজিম সোহেল, সমাজসেবা সম্পাদক বাবুল কান্তি সেন, মহিলা সম্পাদিকা নমিতা রানী বিশ্বাস ও নির্বাহী সদস্য এলেন মুন্সি উপস্থিত ছিলেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা